

ইসলামী বিশ্ববিদ্যালয়ে আরও ৩টি নতুন বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সিদ্ধান্ত
মোতাবেক আগামী ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ
হইতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান
অনুষদের অধীনে আরও তিনটি নতুন
বিভাগ চালু হইতেছে। বিভাগ তিনটি
হইতেছে: এ্যাপ্লাইড নিউট্রিশন ও ফুড
টেকনোলজি, বায়ো টেকনোলজি এবং
ইনফরমেশন টেকনোলজি। ইতিমধ্যে
বিজ্ঞান অনুষদ এবং সংশ্লিষ্ট প্রশাসন উক্ত
তিনটি বিভাগের কার্যক্রম শুরু ব্যাপারে
শিক্ষক নিয়োগ, সিলেবাস প্রণয়নসহ
গুরুত্বপূর্ণ কার্যক্রম শুরু করিয়াছে।
আগামী সেশন হইতে উক্ত তিনটি
বিভাগে ৩০ জন করিয়া ছাত্র-ছাত্রী ভর্তি
করা হইবে। বিজ্ঞান অনুষদের প্রচলিত
পদ্ধতিতে ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হইবে।
কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক বিজ্ঞান
অনুষদের বর্তমান ডীন প্রফেসর এম
আলাউদ্দিনকে ফুড টেকনোলজি ও বায়ো
টেকনোলজি এবং একই অনুষদের সাবেক
ডীন প্রফেসর একিন উদ্দিনকে
ইনফরমেশন টেকনোলজি বিভাগের
চেয়ারম্যান নিযুক্ত করা হইয়াছে।
উল্লেখ্য, বিগত ৯৫-৯৬ শিক্ষাবর্ষ হইতে
ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি,
ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থ এবং ফলিত
গণিত ও কম্পিউটার বিজ্ঞান নামের
তিনটি বিভাগ লইয়া বিশ্ববিদ্যালয়ের
বিজ্ঞান অনুষদের যাত্রা শুরু হয়। নতুন
তিনটি বিভাগ লইয়া অত্র বিশ্ববিদ্যালয়ে
পাঁচটি অনুষদের অধীনে মোট বিভাগের
সংখ্যা টাড়াইল ১৮টি।